ঝিনাইদহে স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল

রাষ্ট্রনায়ক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪৪তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ঝিনাইদহে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২৬ মে) দুপুরে শহরের ফ্যামেলী জোন কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহ সদর থানা যুবলীগ।

অনুষ্ঠানে সদর থানা যুবলীগের সদস্য মিজানুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগ সদস্য ও সদর উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক শাহ্ মোঃ ইব্রাহিম খলিল রাজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ।

এছাড়াও সদর থানা যুবলীগ সদস্য মাহাদী হাসান নাজমুল, মধুহাটি ইউনিয়ন যুবলীগের সভাপতি আশরাফুল আলম, সাগান্না ইউনিয়ন যুবলীগের সভাপতি শেখ রুহুল আমীন, কালীচরনপুর ইউনিয়ন যুবলীগের আহবায়ক আরিফ মোল্লা, পোড়াহাটি ইউনিয়ন যুবলীগের আহবায়ক ফিরোজ উদ্দিন, কুমড়াবাড়িয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আশিকুর রহমান লেন্টু সহ ১৭টি ইউনিয়নের যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক উপস্থিত ছিলেন।

পরে ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই ও ৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার এর মৃত্যুতে শোক প্রকাশ করে ১ মিনিট নিরবতা পালন করেন নেতা-কর্মীরা।

কোটচাঁদপুরে নিয়োগ পরিক্ষার আগেই নিয়োগ বানিজ্যের অভিযোগ

নিয়োগ পরিক্ষার আগেই নিয়োগ বানিজ্যের অভিযোগ উঠেছে কোটচাঁদপুরের মফেজ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে। প্রতিকার চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদন করেছেন ভুক্তভোগী সৌরভ ইসলাম। পরিক্ষায় যে প্রথম হবে,তাকে চাকুরী দেয়া হবে বললেন সভাপতি।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,কোটচাঁদপুরের এলাঙ্গী মফেজ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়। এ বিদ্যালয়ে শূন্য ও সৃষ্ট পদে কয়েক জন বল নিয়োগ দেয়া হবে। এ জন্য গেল ৭ মার্চ দৈনিক নবচিত্র সহ ঢাকার একটি দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। যার মধ্যে রয়েছে প্রধান শিক্ষক, কম্পিউটার ল্যাব অপারেটর,অফিস সহায়ক, নিরাপত্তা কর্মী,পরিছন্নতা কর্মী। এ সব পদের জন্য ৫২ জন প্রার্থী আবেদন করেছেন।

যার মধ্যে রয়েছে সৌরভ ইসলাম। তিনি এলাঙ্গী গাজী পাড়ার বাসিন্দা। তিনি আবেদন করেছেন নিরাপত্তা কর্মীর পদে। তিনি বলেন,মফেজ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয় আমার গ্রামের প্রতিষ্ঠান। এ জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেখে আবেদন করেছিলাম। আমার মনে হয়েছিল নিয়োগ পরিক্ষার মাধ্যমে হবে। পরিক্ষা ভাল হলে,তাঁর চাতুরী হবে। এখন দেখি চাকুরী হবে টাকার বিনিময়ে। বিষয়টি জানার পর আমি হতাশ হয়েছি। এখানে নিয়োগের আগেই নিয়োগ বানিজ্য হচ্ছে।

তিনি বলেন, যার বেশ কয়েকটি প্রমানও রয়েছে আমার কাছে। এ কারনে নিয়োগ ফ্রি ও ফেয়ার করার দাবীতে ও অর্থ বানিজ্য রুখতে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদন করেছি। তিনি এ নিয়োগ বন্ধের দাবি জানিয়েছেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাবুদ্দিন বলেন,৫ টি পদে নিয়োগ আছে। যার মধ্যে প্রধান শিক্ষক, কম্পিউটার ল্যাব অপারেটর,অফিস সহায়ক, নিরাপত্তা কর্মী,পরিছন্নতা কর্মী। এ সব পদের জন্য ৫২ জনকে ইন্টারভিউ কার্ড দেয়া হয়েছে।

এ নিয়োগে কোন টাকার লেনদেন হচ্ছে না। টাকা নেয়ার কোন সুযোগ নাই। পরিক্ষায় প্রথম হলে তাকেই চাকুরী দেয়া হবে দাবী প্রধান শিক্ষকের। নিয়োগ বানিজ্যের অভিযোগ মিথ্যা বানোয়াট।

একই কথা বললেন,মফেজ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি জিহাদ খান। তিনি বলেন,নিয়োগ পরিক্ষায় যে প্রথম হবে,তাকেই নিয়োগ দেয়া হবে। টাকা নিয়ে নিয়োগ দেয়ার কোন সুযোগ নাই।

তিনি বলেন, আর আমাদের বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে, সেটা মিথ্যা ও ষড়যন্ত্র মূলক।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,আবেদন করেছেন কিনা আমার জানা নাই। আমি জেলার মিটিংয়ে আছি।

ঝিনাইদহে জমে উঠেছে চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নির্বাচন

জমে উঠেছে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নির্বাচন। আগামী ১জুন অনুষ্ঠিত হবে এই নির্বাচন। এ উপলক্ষে শহরের বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠানে ভোট চাওয়ার ধুম লেগে গেছে। ভোটারদের দ্বারে দ্বারে গিয়ে ভোট প্রার্থনা করছেন প্রার্থীরা।

আজ শনিবার (২৫ মে) সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠানে গিয়ে এ ভোট প্রার্থনা করছেন বিভিন্ন পদের প্রার্থীরা। দিচ্ছেন নানা রকম প্রতিশ্রুতি।

এবারও চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নির্বাচনে সভাপতি পদে ভোট চাইছেন সাবেক সভাপতি ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

এ সময় তার সাথে ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য ও পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা এম এ সামাদ, নব-নির্বাচিত

উপজেলা পরিষদ চেয়ারম্যান মিজানুর রহমান মাসুম, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান মুন্তাকিম মনির, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সিও সংস্থার নির্বাহী পরিচালক সামছুল আলম, বিশিষ্ট ব্যবসায়ী মোয়াজ্জেম হোসেন, সাবেক পৌর কাউন্সিলর তোফাজ্জেল হোসেন, ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, আতিকুল হাসান মাসুম, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস সহ বিভিন্ন ব্যবসায়ী নেতৃবৃন্দ।

চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নির্বাচনে সভাপতি পদ প্রার্থী সাইদুল করিম মিন্টু বলেন, এবারের নির্বাচনে ভোটাররা আমাকে ভোট দিয়ে বিজয়ী করবেন বলে তিনি শতভাগ আশাবাদী।

ঝিনাইদহে জ্বালানি তেল পরিবেশক ও ট্যাংকলরী মালিক সমিতির আলোচনা সভা

ঝিনাইদহে খুলনা বিভাগের জ্বালানি তেল পরিবেশক সমিতি ও ট্যাংকলরী মালিক সমিতির নেতৃবৃন্দের বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৫ মে) দুপুরে শহরের এইচ এস এস সড়কের জেলা জ্বালানি তেল পরিবেশক সমিতি অস্থায়ী কার্যালয়ে বাংলাদেশ জ্বালানি তেল পরিবেশক সমিতির খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলামের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদ চেয়ারম্যান এম হারুন অর রশিদ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মিজানুর রহমান মাসুম, সদর থানার অফিসার্স ইনচার্জ শাহীন উদ্দিন, মোবারকগঞ্জ সুগার মিল সমবায় সমিতির ও কালীগঞ্জ উপজেলা শ্রমিক লীগের সভাপতি গোলাম রসুল, কালীগঞ্জ পৌরসভার সাবেক মেয়র মোস্তাফিজুর রহমান বিজু।

সেসময় বাংলাদেশ জ্বালানি তেল পরিবেশক সমিতির খুলনা বিভাগীয়

কার্যকরী সভাপতি গাজী আসিফুল হক অনি, সাধারণ সম্পাদক আলহাজ্ব মোড়ল আব্দুস সোবহান, যুগ্ম সম্পাদক মামুনুর রশিদ, প্রচার সম্পাদক হুমায়ুন কবীর, দপ্তর ও কল্যাণ সম্পাদক ইমদাদ ইবনে হাবিব, বাংলাদেশ ট্যাংকলরী ওনার্স এসোসিয়েশনের খুলনা বিভাগীয় কার্যকরী সভাপতি আলহাজ্ব এম মাহবুব আলম, সাধারণ সম্পাদক সুলতান মাহমুদ পিন্টু, যুগ্ম সম্পাদক শেখ মিজানুর রহমান মিজান, নির্বাহী সদস্য আমানত আলী সহ খুলনা বিভাগের জ্বালানি তেল পরিবেশক সমিতি ও ট্যাংকলরী মালিক সমিতির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এমপি আনার হত্যাকান্ডে জড়িতদের ফাঁসির দাবীতে নেতাকর্মীদের অবস্থান কর্মসূচী

ঝিনাইদহ-৪ আসনের এমপি আনানোয়ারুল আজিম আনারের মরদেহ ফেরত ও হত্যাকান্ডের সাথে জড়িত খুনিদের ফাঁসির দাবীতে অবস্থান কর্মসূচি পালিত হয়েছে।

আজ শনিবার (২৫ মে) সকাল ৮ থেকে বেলা ১১ টার পর্যন্ত এমপির বাসভবনের সামনে এই কর্মসূচী পালিত হয়। এতে কালীগঞ্জ উপজেলা আ’লীগের দলীয় নেতাকর্মী ও সাধারণ জনতা হত্যাকারীদের ফাসির দাবী সম্বলিত প্লাকার্ড নিয়ে ওই অবস্থান কর্মসুচিতে অংশ গ্রহন করে।

অবস্থান কর্মসূচী থেকে উপজেলা আ’লীগের সাবেক সভাপতি উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিক ঠান্ডু গণমাধ্যম কর্মীদের বলেন, আমাদের প্রিয় নেতা এমপি আনোয়ারুল আজীমের হত্যার সাথে জড়িত সকল আসামিদের গ্রেপ্তার করতে হবে। শুনেছি নৃশংশভাবে তাকে কেটে টুকরা টুকরা করা হয়েছে। আমরা তার মরদেহ বা লাশের টুকরা বা ডেটথ সার্টিফিকেট পেতে সরকারের কাছে জোর দাবী জানাচ্ছি। কর্মসূচীতে আরো উপস্থিত ছিলেন, উপজেলা যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান শিবলী নোমানী, কালীগঞ্জ পৌর আ’লীগের সাংগাঠনিক সম্পাদক ও পৌর মেয়র আশরাফুল আলম আশরাফ, সাবেক

জেলা পরিষদ সদস্য ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল ও আ’লীগ নেতা সাবেক ইউপি চেয়ারম্যান জহুরুল ইসলাম সহ সাধারণ জনতা।

অবস্থান কর্মসূচীতে অংশ নেওয়া সাধারণ জনগণের মধ্যে কয়েকজন ক্ষোভে ফুসে উঠে বলেন, শুনেছি আমাদের এমপির শরির কেটে টুকরা টুকরা করা হয়েছে। খুনিরা কি তার জামা কাপড় জুতা স্যান্ডেলও কেটে কেটে টুকরা টুকরা করেছে। আমরা এমপির ব্যবহৃত জামা কাপড় সামগ্রী ফেরত পেতে চায়। সেই সাথে তারা খুনিদের দ্রুত গ্রেপ্তার ও ফাঁসির দাবী জানিয়ে আত্নচিৎকার করতে থাকেন।

উল্লেখ্য, গত ১২ মে ভারতে গিয়ে নিঁখোঁজ ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজীম আনারের হত্যাকান্ড নিয়ে তার এলাকায় এখনো ধোয়াশা কাটেনি। ভারত যাবার ১০ দিন পর গত বুধবার (২২ মে) সকালে কলকাতার নিউটাউন এলাকার সঞ্জিভা গার্ডেনে খুন হয়েছে বলে গণমাধ্যমে প্রচার হয়। এমনকি তার দেহ খন্ড বিখন্ড করা হয়েছে বলেও প্রচার হয়। এখন পর্ষন্ত তার মরদেহ বা দেহের কোন অংশ এমনকি ব্যবহৃত জামা কাপড় উদ্ধারের খবর না পাওয়াতে সাধারণ মানুষের কাছে প্রশ্ন হয়েই ঘুরছে এমপি কি সত্যই মারা গেছেন ?

ঝিনাইদহ সদর উপজেলা ভূমি অফিসে নতুন এসিল্যান্ডের যোগদান

ঝিনাইদহ সদর উপজেলা ভূমি অফিসে নতুন এসিল্যান্ড হিসাবে সজল কুমার দাস যোগদান করেছেন। ৩৭ তম বিসিএসএর মাধ্যমে তিনি বিসিএস প্রশাসন ক্যাডারে ২০১৯ সালে ফেনী জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসাবে যোগদান করেন। সেখান থেকে তিনি চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা ভূমি অফিসে কর্মরত থেকে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।

সম্প্রতি তিনি ঝিনাইদহ সদর উপজেলা ভূমি অফিসে যোগদান করেছেন। দীর্ঘ তিন মাস পরে অবশেষে নতুন এসিল্যান্ড পেয়ে সেবা গ্রহীতারা আশায় বুক বেধেছে তাদের কাংখিত সেবা পাবে। ইতি মধ্যে নবাগত

এসিল্যান্ড সজল কুমার দাসকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে তার দায়িত্বভার বুঝিয়ে দিয়েছেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

নবাগত এসিল্যান্ড সজল কুমার দাস বলেন, আমি সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী ও স্মার্ট জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম স্যারের নির্দেশনা মোতাবেক সদর উপজেলা ভূমি অফিসকে একটি স্মার্ট ভূমি অফিসে রুপান্তরিত করতে চাই। এসময় তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

আমার বাবার লাশের এক টুকরো মাংস আমাকে দাও – মেয়ে ডরিন

আমার বাবার লাশের এক টুকরো মাংস আমি চাই। যে মাংসের টুকরো ছুঁয়ে বাবাকে দেখতে পারি । সেই মাংসের টুকরোকেই বাবা মনে করে জানাযা করাতে চায়।

আজ শুক্রবার (২৪ মে) বিকাল ৫টার দিকে শহরের মেইন বাসস্ট্যান্ডে ঝিনাইদহ-৪ (কালীগঞ্জ) আসনের সংসদ সদস্য আনোরুল আজীম আনারকে নৃশংস ভাবে হত্যার সুষ্ঠু বিচার ও হত্যা পরিকল্পনাকারীকে আটক ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মানববন্ধনে এমপি কন্যা ডরিন এসব কথা বলনে। মানববন্ধন চলাকালে ঝিনাইদহ-যশোর মহাসড়কে আধাঘণ্টা যান চলাচল বন্ধ থাকে।

তিনি বলেন, প্রধানমন্ত্রী বাবা হারানোর ব্যাথা-কষ্ট বুঝেন, তিনি আমার বাবা হারানোর বেদনা বুঝবেন। তার বাবার হত্যার বিচার করেছেন, আমার বাবার হত্যার বিচারও তিনি করবেন। হত্যার পরিকল্পনাকারীকে ধরার পরই খতিয়ে দেখা যাবে আসলে কি জন্য সে এত বড় অপকর্ম কেন ঘটালো। এর বিচার অবশ্যই হবে।

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর সাথে আমার কথা হয়েছে। গতকালও কথা বলেছি। আমরা আইনের আশ্রয় নিব। মাননীয় প্রধানমন্ত্রী আছেন, আওয়ামী লীগের দলীয় সর্বোচ্চ অভিভাবকরা আছেন তারা আমাদের পরার্মশ দিবেন

এবং তারা অবশ্যই তাদের দলীয় এমপি হত্যার সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা করবেন। কালীগঞ্জের মানুষের সুখে দুঃখে যিনি সবসময় পাশে থেকেছেন সেই মানুষটির হত্যার বিচার আমরা চাই। আমরা কোন শৃংখলাহানী করতে চাই না।

মানববন্ধনে সভাপতিত্ব করেন পৌর মেয়র আশরাফুল আলম আশরাফ। এসময় উপস্তিত ছিলেন, নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান শিবলী নোমানী, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মতি, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক সোহেল হোসেনসহ আওয়ামী লীগের সকল ইউনিটের নেতাকর্মীরা ও শত শত সাধারণ মানুষ মানববন্ধনে অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে ঢাকাগামী ট্রেন সেবা চালু রাখার দাবীতে মানববন্ধন

কোটচাঁদপুর স্টেশন থেকে ছেড়ে যাওয়া ঢাকাগামী ট্রেন সেবা চালু রাখার দাবীতে মানববন্ধন করেছে কোটচাঁদপুর ঢাকা সরাসরি রেল সংযোগ রক্ষা কমিটি। আজ শুক্রবার স্থানীয় রেলস্টেশনের সামনে এ মানববন্ধন করেন তারা।

জানা যায়,আগামী জুলাই মাস থেকে সুন্দরবন-বেনাপোল ও চিত্রা এক্সপ্রেস ঢাকা পদ্মা সেতু নড়াইল গোপালগঞ্জ রুপদিয়া যশোর নতুন রুটে চলাচল করবেন। এ সব ট্রেনের যাত্রা শুরু হবে যশোরের রূপদিয়া ষ্টেশন থেকে।

এতে করে ঝিনাইদহ এবং চুয়াডাঙ্গার কোন ষ্টেশন ঢাকাগামী এ সব ট্রেন সেবা থেকে বঞ্চিত হতে যাচ্ছে। এ ট্রেন সেবা চালু রাখার দাবীতে শুক্রবার কোটচাঁদপুর রেলস্টেশনের সামনে এক মানববন্ধন করেছেন,কোটচাঁদপুর ঢাকা সরাসরি রেল সংযোগ রক্ষা কমিটি।

মানববন্ধনে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, কোটচাঁদপুর পৌরসভার

মেয়র সহিদুজ্জামান (সেলিম),পৌরসভার প্যানেল মেয়র জাহিদ হোসেন,কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল,ছাত্র লীগের সাবেক সভাপতি শেখ শাহিন, শিক্ষক আমিরুল ইসলাম,মনিরুজ্জামান শান্তি। আজ শুক্রবার বিকাল ৪ টা সময় এ মানববন্ধন শুরু হয়। যা চলে ঘন্টাব্যাপী।

কোটচাঁদপুরের গরসূতি গ্রামে সাধারণ কৃষকদের মানববন্ধন

কোটচাঁদপুরের গরসূতি গ্রামের সাধারণ কৃষকরা এক প্রতিবাদ সভা করেছেন। আজ বৃহস্পতিবার (২৩ মে) দুপুরে ওই গ্রামের চাষিরা এ সভা করেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ১৯ মে কোটচাঁদপুর গোরসূতি গ্রামের গুটি কয়েক কৃষকরা গভীর নলকুপের ম্যানেজারের অনিয়ম তুলে ধরে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে মানববন্ধন করেন।

এর প্রতিবাদে আজ বৃহস্পতিবার দুপুরে ওই গ্রামের মাঠে প্রতিবাদ সভা করেছেন সাধারন চাষিরা। যার মধ্যে উপস্থিত ছিলেন, সানোয়ার হোসেন, বারেক আলী, হোসেন আলী, সুজন মিয়া।

তারা বলেন, দীর্ঘ দিন ধরে সানোয়ার হোসেন গভীর নলকুপটি পরিচালনা করে আসছেন। এতে ইশ্বানিত হয়ে গ্রামের কিছু কৃষক তাদের স্বার্থ সিদ্ধির জন্য বিভিন্ন অনিয়ম তুলে ধরে মানববন্ধন করেন ১৯ মে। সানোয়ার কোন অনিয়ম করেননি এমন দাবি তাদের।

এ ব্যাপারে ম্যানেজার সানোয়ার হোসেন বলেন, আমি কোন দূনীতি অনিয়ম করিনা। এতে করে তারা সুবিধা পাচ্ছে না। তারা আমার কাছে সুবিধা চান। আমি না দেয়ায় গেল ১৯ মে তারা আমার বিরুদ্ধে মানববন্ধন কর্মসূচী পালন করেন।

তিনি বলেন, ওইদিন যারা মানব বন্ধনে অংশ গ্রহন করেছিলেন তারা কেউ

আমার ডিপের চাষি না। তাদের কে কিছু সুযোগ সন্ধানি মানুষ ডেকে নিয়ে গিয়ে এ মানব বন্ধন করেছেন। এর প্রতিবাদে আজকের প্রতিবাদ সভা করা হয়।

তিনি আরো বলেন,আমি যদি কোন অনিয়মের সঙ্গে জড়িত থাকি,তাহলে আমার বিরুদ্ধে তদন্ত হক। তদন্ত আমি দোষী হলে, যে শাস্তি হয় আমি মাথা পেতে মেনে নিবো। আর যদি আমার কোন দোষ না পাওয়া যায়, তাহলে দোষীদের খুজে ব্যবস্থা নেয়ার দাবি জানান সানোয়ার হোসেন।

আমাদের এমপি আনারকে ফিরিয়ে দিন-কালীগঞ্জের শোকার্ত মানুষেরা

আমাদের সোনার জামাই কিভাবে চলে গেল। তার টাকা পয়সা সব কিছু নিয়ে যেত, আমাদের জামাইকে ফিরিয়ে দিতো। কেন এভাবে নিয়ে গেল। সে তো কাউকে ক্ষতি করেনি। তাকে কেন মেরে ফেলা হলো। আমরা এর বিচার চাই। বুধবার বিকালে এমপির বাস ভবনের নীচে এভাবেই বিলাপ করতে করতে বলছিলেন তার শাশুড়ি কালীগঞ্জ পৌরসভার সংরক্ষিত মহিলা কাউন্সিলর বিনা খাতুন।

পাশেই এমপি আনারের রাজনৈতিক কার্যালয়ে সিড়িতে বসে বিলাপ করছিলেন, এমপি আনারের এক সহযোগী রুবেল হোসেন। তিনি বলেন, ভারত যাওয়ার আগে তার সাথে শেষ কথা হয়। এসম সে বলেছিল চেকগুলো তুলে রাখ। গরিব মানুষের চেকগুলো তুলে রাখ। আমি ফিরে এসে চেকগুলো সব একসাথে বিতরণ করবো। সে চলে গেল, এখন গরিব মানুষের নিয়ে কে ভাববে। কে আর এভাবে কথা বলবে।

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারের মরদেহ উদ্ধার করেছে ভারতের পুলিশ। ভারত যাওয়ার ১০ দিন পর বুধবার (২২ মে) সকালে কলকাতার নিউটাউন এলাকার আবাসন সঞ্জিভা গার্ডেন থেকে তার মরদেহ উদ্ধার করে সে দেশের পুলিশ। তার ব্যক্তিগত সহকারী (পিএস) আব্দুর রউফ বিষয়টি নিশ্চিত করেছেন। ১২ মে রোববার দুপুরে সংসদ সদস্য

আনোয়ারুল আজিম আনার চিকিৎসার জন্য দর্শনার গেদে স্থলবন্দর দিয়ে ভারতের কলকাতায় যান। আনার ভারতীয় সীমান্ত এলাকা ঝিনাইদহ-৪ আসনের টানা তিনবারের সংসদ সদস্য (এমপি) ও কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন।

ভারতে তার মরদেহ উদ্ধারের সংবাদ পাওয়ার পর তার দলীয় কার্যালয়ে উপস্থিত শত শত মানুষ কান্নায় ভেঙ্গে পড়েন। এমপি আনার কালীগঞ্জ শহরের ভূষণ রোডস্থ বাড়িতে বসবাস করতেন। তার দুই মেয়ে ও স্ত্রী রয়েছে।

এমপির নির্বাচনী এলাকা কালীগঞ্জ উপজেলার ১নং সুন্দরপুর দূর্গাপুর ইউনিয়নের চেয়ারম্যান ওহিদুজ্জামান ওদু বলেন, আমরা তার মৃত্যুর সংবাদ শুনে রাজনৈতিক কার্যালয়ের সামনে এসেছি। তার মৃতদে ভারতে পাওয়া গেছে। কিভাবে তার মৃত্যু হয়েছে তা বলতে পারছিনা। এমপির সাথে কারো কোন বিরোধ ছিল না। যা ছিল তা খুবই সামান্য কিন্তু তার জনপ্রিয়তা ছিল অনেক। তিনি বলেন তার পরিবার ঢাকাতে অবস্থান করেন। তারা ঝিনাইদহে আসলে আরো কিছু জানা যাবে।

তিনি বলেন, রাষ্ট্রীয়ভাবে এমপির মরদেহ দেশে আনা হবে। আমরা এখন মরদেহের জন্য অপেক্ষা করছি।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন, আমি টেলিভিশনে আনারের মৃত্যুর খবর শোনার সাথে সাথে তার বাসভবনে ছুটে আসি। এখানে এসে দেখি হাজার হাজার মানুষ আহাযারি করছে। আমি সকলের উদ্দেশ্যে বলবো এভাবে যারা আনারকে হত্যা করেছে তাদের আইনের আওতায় এনে দ্রুত বিচার করবে সরকার।

কালীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আইয়ুব হোসেন জানান, আমরা একজন নেতাকে হারিয়ে বাকরুদ্ধ হয়ে গেছি। যা আমরা কিছুতেই মানতে পারছিনা। এমপি আনার এর মতো একজন রাজনীতিবীদকে হারিয়ে কালীগঞ্জ বাসীর অপূরণীয় ক্ষতি হয়েছে।

প্রথমে ভারতে পৌছে পশ্চিমবঙ্গে বরাহনগর থানার অন্তর্গত মন্ডলপাড়া লেনে গোপাল বিশ্বাস নামে পরিচিত এক বন্ধুর বাড়িতে ওঠেন। পরের দিন ১৩ মে ডাক্তার দেখানোর জন্য বাড়ি থেকে বেরিয়ে যান। ১৫ মে বরাহনগরের বাসিন্দা গোপাল বিশ্বাসের হোয়াটস এ্যাপে ম্যাসেজ করে জানান তিনি দিল্লি যাচ্ছেন। ১৬ মে এমপির ব্যক্তিগত গাড়ি চালক তরিকুল ইসলামের ব্যক্তিগত মুঠোফোনেও একটি ম্যাসেজ পাঠিয়ে জানান দিল্লি যাওয়ার কথা। এরপর থেকে রহস্যজনকভাবে নিখোঁজ

হয়ে যান আনোয়ারুল আজিম আনার। এরপর থকে পরিবার ও রাজনৈতিক নেতাদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন। তাকে ফোনে বা কোনো মাধ্যমে না পেয়ে বিষয়টি সরকারের ঊর্ধ্বতন পর্যায়ে জানান উদ্বিগ্ন এমপি পরিবার। এমপি আনোয়ারুল আজিম আনারের সাথে যোগাযোগ করতে না পেরে ১৮ মে থানায় একটি মিসিং ডাইরি করেন এমপি’র পরিচিত ভারতের বরাহনগরের বাসিন্দা গোপাল বিশ্বাস।

আনোয়ারুল আজীম আনার ঝিনাইদহ-৪ আসনের সরকার দলীয় সংসদ সদস্য। তিনি ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে টানা ৩ বার আওয়াামী লীগ থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। দির্ঘ দশ বছর হলো তিনি এলাকার উন্নয়নে কাজ করছেন। সাংসদ হিসাবে বিভিন্ন সেবামূলক কাজের জন্য তার বেশ সুনাম রয়েছে। ভোর থেকে গভীর রাত পর্যন্ত নির্বাচনী এলাকার গ্রামে গ্রামে গিয়ে মানুষের সাথে দেখা করে সমস্যা শোনেন ও সমাধান করেন। তিনি চলাচলের সময় কোন পুলিশ প্রটোকল ব্যবহার না করে একা একা চলতে স্বাচ্ছন্দ বোধ করেন। সবথেকে আলোচিত বিষয় তার নির্বাচনী এলাকায় যে কোন ব্যক্তি মারা গেলে তার বাড়িতে যান এবং শোকার্ত পরিবারকে শান্তনা দেন। এমনও হয়েছে তিনি একদিনে ১০ জন মৃত্যু ব্যক্তির বাড়িতে গিয়ে পরিবারের সাথে দেখা করেছেন। এ পর্যন্ত তিনি পাঁচ সহাস্রাধিক মৃত ব্যক্তির জানাযায় অংশ গ্রহণ করেছেন। যা দেশের একজন জনপ্রতিনিধি হিসাবে বিরল। ইতিমধ্যে পুলিশ হত্যার সাথে জড়িত তিনজনকে আটক করেছে এবং তাদের নিকট থেকে হত্যার পরিকল্পনা এবং তা বাস্তবায়নের সকল তথ্য পেয়েছে বলে পুলিশের গয়েন্দা বিভাগ থেকে জানা গেছে। এই হত্যার সাথে আরও যারা জড়িত তাদের কে সনাক্ত করে বিচারের আওতায় আনা এবং দ্রুত তার লাশ উদ্ধার করে দেশে আনার দাবী জানান তার স্বাজন ও নেতা কর্মীরা।